

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

১৯/০৬/২০২২খ্রিঃ তারিখ বিকাল ৩-৩০ ঘটিকায় প্রধান নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত শুদ্ধাচার পুরস্কারের জন্য গঠিত যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণীঃ

বাছাই কমিটিতে উপস্থিত সদস্যগণের নাম :

- (ক) জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), কেসিসি -আহবায়ক
(খ) জনাব মোঃ রেজাউল ইসলাম, ভেটেরিনারি অফিসার, কেসিসি- সদস্য
(গ) জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব), কেসিসি- সদস্যসচিব

সভার শুরুতে সভাপতি, জনাব লস্কার তাজুল ইসলাম (যুগ্মসচিব), প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি, সকলকে সভায় স্বাগত জানান এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর ১.৮ নং নির্দেশিকার আলোকে খুলনা সিটি কর্পোরেশনে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার নিমিত্ত প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এর জন্য সদস্যসচিবকে তা উপস্থাপন করতে অনুরোধ করেন।

০২। নির্দেশনামতে কমিটির সদস্যসচিব, জনাব মোঃ আজমুল হক , সচিব, কেসিসি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী সভায় প্রাপ্ত সকল আবেদনপত্র উপস্থাপন করে, বিধি অনুযায়ী ০৩ ক্যাটাগরীতে (ক) গ্রেড ০২-০৯, (খ) গ্রেড ১০-১৬, (গ) ১৭-২০ কর্মচারীদের মধ্যে সিটি কর্পোরেশন থেকে শুদ্ধাচার পুরস্কার দেয়া যাবে মর্মে সভাকে অবহিত করেন। একই সাথে তিনিও এ পুরস্কারের জন্য আবেদন করেছেন বলে উল্লেখ করেন। আলোচনাক্রমে সভাপতি তার অংশের বাছাই এর সময় তাকে সভার কার্যক্রম থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

০৩। ১৭-২০ ক্যাটাগরীরতে কর্মচারীদের মধ্যে যারা আবেদন করেছেন তাদের মূল্যায়ন সূচক অনুযায়ী পর্যাপ্ত নম্বর না পাওয়ায় বিবেচনা করা যায়নি। এ ক্যাটাগরীতে পুরস্কার না দেওয়ার বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।


০৪। পরবর্তীতে ১০-১৬ গ্রেডভুক্ত কর্মচারীগণের থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই এর জন্য উপস্থাপন করা হয়। নির্ধারিত সূচকে নম্বর বিবেচনা পূর্বক সর্বোচ্চ নম্বরধারী পূর্ত বিভাগের জনাব মোঃ হেমায়েত উদ্দিন খান, ভারপ্রাপ্ত উচ্চমান সহকারীকে এই ক্যাটাগরীতে শুদ্ধাচার পুরস্কার- ২০২২ এর জন্য সর্বসম্মতভাবে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। পরবর্তীতে ০২-০৯ গ্রেডভুক্ত কর্মচারীগণের থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই এর জন্য উপস্থাপন করা হয়। নির্ধারিত সূচকের নম্বর বিবেচনা পূর্বক সর্বোচ্চ নম্বরধারী খুলনা সিটি কর্পোরেশনের সচিব, জনাব মোঃ আজমুল হককে এই ক্যাটাগরীতে শুদ্ধাচার পুরস্কার- ২০২২ এর জন্য সর্বসম্মতভাবে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। শুদ্ধাচারের জন্য মনোনীত কর্মচারীদ্বয়কে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুযায়ী পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। শুদ্ধাচারের জন্য মনোনীত কর্মচারীদেরকে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুযায়ী পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেননা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মচারীদের জন্য শুভ কামনা করেন এবং সুশাসন প্রতিষ্ঠা তথা দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালনে ভবিষ্যতে আরও নিষ্ঠার সাথে কাজ করবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সভার সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা

ও

আহবায়ক, শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি

নম্বর-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/১১-১১৩/প-৬)২২-২২৮৪/২৯ তারিখ ২২/১০/২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো:

- ১। সিনিয়র সচিব স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ২। সচিব (উপসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
- ৩। নির্বাহী ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন।
- ৪। ভেটেরিনারি অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
- ৫। আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
- ৬। সি.এ. টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংশ্লিষ্ট নথি।